

LET  
সিস্টেম  
সিস্টেম  
১২/১২/২০১৭

# শিওরক্যাশ

রেফারেন্স: সেলস এন্ড ডিস্ট্রিবিউশনস/ডিস্ট্রিবিউটর/পেমেন্ট/২৯০১২০১৭

২৯ জানুয়ারি, ২০১৭

মাননীয়  
অধ্যক্ষ  
ঢাকা কলেজ  
ঢাকা।

**বিষয়ঃ শিওরক্যাশের মাধ্যমে দ্রুত, নিরাপদ ও ঝামেলামুক্ত ভাবে শিক্ষা প্রতিষ্ঠানের বেতন ও ফি সংগ্রহ।**

সম্মানিত জনাব,

শুধুতেই নতুন বছরের শুভেচ্ছা!

একই সাথে, শিওরক্যাশের সাথে থাকার জন্য জানাই আন্তরিক সাধুবাদ। আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বেতন ও ফি শিওরক্যাশের মাধ্যমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে সংগ্রহের লক্ষ্যে আমরা শুরু থেকেই নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। এমতাবস্থায়, এই কার্যক্রমকে আরও নিরাপদ, ঝামেলামুক্ত ও দ্রুত করতে নিম্ন লিখিত কার্য পদ্ধতি গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি:

| প্রতিষ্ঠানের জন্য   | শিক্ষার্থীদের জন্য   |
|---|--|
| <ul style="list-style-type: none"><li>প্রতিষ্ঠানের ওয়ালেট ব্যালাপ এবং পোর্টালের আদায় রিপোর্ট নিয়মিত চেক করুন।</li><li>শুধুমাত্র শিওরক্যাশ সিস্টেমস থেকে আসা তাৎক্ষণিক নিশ্চিতকরণ এসএমএস পেলে তা বৈধ লেনদেন হিসাবে বিবেচনা করুন।</li><li>শিওরক্যাশের মাধ্যমে লেনদেনে কোন প্রকার অসংগতি লক্ষ্য করলে সাথে সাথে শিওরক্যাশ কর্তৃপক্ষকে অবহিত করুন।</li><li>নোটিশ প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদেরকে শিওরক্যাশের একাউন্ট খুলে নিজের মোবাইল থেকে বেতন ও ফি পরিশোধ করতে নির্দেশনা দিন।</li><li>শিক্ষা প্রতিষ্ঠান প্রাঙ্গনে শিওরক্যাশের পেমেন্টের জন্য নগদ অর্থ গ্রহণ করবেন না।</li></ul> | <ul style="list-style-type: none"><li>নিজের মোবাইলে শিওরক্যাশ একাউন্ট খুলুন এবং এজেন্ট পয়েন্ট থেকে টাকা জমা করে ঝামেলামুক্ত ভাবে নিজের বেতন/ফি নিজেই পরিশোধ করুন।</li><li>প্রতিবার বেতন/ফি পরিশোধের পর শিওরক্যাশ সিস্টেমস থেকে পাওয়া নিশ্চিতকরণ এসএমএস যাচাই করে নিন।</li><li>কোন এজেন্ট নির্ধারিত সার্ভিস চার্জের অতিরিক্ত অর্থ দাবী করলে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অবহিত করুন এবং বিকল্প এজেন্টের কাছ থেকে সেবা নিন।</li></ul> |

শিওরক্যাশ তার প্রতিটি গ্রাহককে ঝামেলামুক্ত ভাবে সেবা দেয়ার জন্য প্রতিজ্ঞাবদ্ধ। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসাবে প্রতিষ্ঠা লগ্ন থেকেই শিওরক্যাশ দেশ ব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটলাইজেশনের মাধ্যমে পেমেন্ট কালেকশনের জন্য কাজ করে যাচ্ছে। ডিজিটলাইজেশনের মাধ্যমে সরকারের বিভিন্ন পেমেন্ট কালেকশন কার্যক্রমে শিওরক্যাশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

শিওরক্যাশের মাধ্যমে লেনদেন জনিত যে কোন প্রয়োজনে আমাদের স্থানীয় প্রতিনিধির সাথে কথা বলার জন্য সর্বিনয় অনুরোধ করছি। নতুন বছরে আপনার সর্বাঙ্গীণ কল্যাণ কামনা করছি।

শুভেচ্ছান্তে -



মোঃ শফিকুল ইসলাম  
এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট  
ডাইরেক্টর সেলস  
সেলস এন্ড ডিস্ট্রিবিউশন

হট লাইনঃ ০৯৬০৬০৬০৬০৭

